# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**04 DECEMBER 2024** **7:45—7:55 PM IST**

==============================================================

১) মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার রাজ্যের হাইড্রোকার্বন শিল্পক্ষেত্রকে শক্তিশালী করে তোলার জন্য কেন্দ্রীয় সরকারকে সহযোগিতার আহ্বান।

২) বঙাইগাওঁ শোধনাগারের শোধন ক্ষমতা বৃদ্ধি, মেঘালয়ের বরপানী থেকে শিলচর পর্যন্ত সড়ক চার ঘন্টায় অতিক্রমের ব্যবস্থা ইত্যাদি সহ বেশ কয়েকটি প্রকল্পের অনুমোদনের জন্য মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ।

৩) আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের যুগ্ম সচিব রঞ্জন কুমার দাসকে পর্ষদের দ্বিতীয় মন্ডলের নতুন পরীক্ষা নিয়ন্ত্রক হিসেবে নিযুক্তি।

এবং

৪) সমগ্র দেশের সঙ্গে আসামেও আগামী ৮ থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত জাতীয় টীকাকরণ কার্যসূচী রূপায়ন।

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা কেন্দ্রীয় পেট্রলিয়াম ও প্রাকৃতিক গ্যাস দপ্তরের মন্ত্রী হরদীপ সিং পুরীর সংগে সাক্ষাৎ করে রাজ্যের হাইড্রকার্বন শিল্পের উন্নয়নের ক্ষেত্রকে শক্তিশালী করে তোলার জন্য কেন্দ্রের সহযোগীতার অনুরোধ জানান ।মুখ্যমন্ত্রী শ্রী পুরীকে আগামী ফেব্রুয়ারী মাসে রাজ্যে অনুষ্ঠেয় এডভান্টেজ আসাম শীর্ষক সম্মেলনের

জন্য শ্রী পুরীকে আমন্ত্রন জানান ।মুখ্যমন্ত্রীর সংগে এই সাক্ষাৎকালে বৈদেশিক পরিক্রমা দপ্তরের প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা ও রাজ্য সরকারের বেশ কয়েকজন প্রবীন আধিকারিক উপস্থিত ছিলেন । মুখ্যমন্ত্রী আজ সংসদ ভবনে লোকসভার অধ্যক্ষ ওম বিরলার সংগে ও সাক্ষাৎ করেন ।এর আগে শ্রী শর্মা কেন্দ্রীয় আইন ও ন্যায় মন্ত্রী অজুন রাম মেঘাওয়ালের সংগে ও তার সরকারী বাসভবনে সাক্ষাৎ করেন বলে জানা গেছে ।

মুখ্যমন্ত্রী আজ নতুনদিল্লীতে এক সাংবাদিক সম্মেলনে সরকারের বেশ কয়েকটি নতুন প্রকল্পের বিষয়ে সাংবাদিকদের জানান । ২৫ শে ফেব্রুয়ারীর আগে বেশ কয়েকটি প্রকল্পে অনুমোদনের জন্য রাজ্য সরকার প্রয়াস অব্যাহত রেখেছে বলে তিনি উল্লেখ করেন । এর মধ্যে বঙাইগাও শোধনাগারের শোধন ক্ষমতা ৫ মিলিয়ন মেট্রিক টনে বৃদ্ধির পরিকল্পনা , নামরুপের সারখানার পরিসর বৃদ্ধি , কাজিরাঙার এলিভেটেড করিডর সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ , মেঘালয়ের বরপানী থেকে শিলচর পর্যন্ত সড়ক ৪ ঘন্টায় অতিক্রমের ব্যবস্থা ইত্যাদি সহ বেশ কয়েকটি প্রকল্পের কথা তিনি উল্লেখ করেন ।

এদিকে মুখ্যমন্ত্রী ড: শর্মা গতকাল আসামকে দেশের বিভিন্ন গুরুত্বপূর্ন স্থানের সংগে দ্রুতগামী রেল সংযোগ দিতে রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণকে অনুরোধ জানিয়েছেন । গতকাল নতুনদিল্লীর সংসদ ভবনে রেল মন্ত্রীর কার্যালয়ে ড: শর্মা রেল মন্ত্রীর সংগে সাক্ষাৎ করে রাজ্যের রেল যোগাযোগ ব্যবস্থা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং রেল বিভাগের বিভিন্ন প্রকল্প রুপায়নের কাজ ত্বরান্বিত করতে রেল মন্ত্রীকে অনুরোধ জানান ।মুখ্যমন্ত্রী ড: শর্মা শ্রী বৈষ্ণকে এডভান্টেজ আসামে উপস্থিত থাকার জন্য আমন্ত্রন জানান ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নৌসেনা দিবস উপলক্ষে ভারতীয় নৌসেনা বাহিনীতে কর্মরত জওয়ানদের প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করেছেন ।সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী বলেন যে নৌসেনার সাহসী জওয়ানরা অতুলনীয় সাহস ও নিষ্ঠা সহকারে দেশের জলভাগকে সুরক্ষা প্রদান করে আসছে ।তাদের দায়বদ্ধতা দেশের সুরক্ষা , নিরাপত্তা এবং সমৃদ্ধি নিশ্চিত করে আসছে বলে উল্লেখ করে তিনি বলেন যে দেশের সমৃদ্ধশালী সামুদ্রিক ইতিহাসকে নিয়ে গর্ব করার জন্য নৌসেনা প্রত্যেক ভারতীয়কে সুযোগ প্রদান করেছে ।

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিংও নৌসেনা দিবস উপলক্ষে বাহনীর জওয়ান সহ তাদের পরিবারের প্রতিও শুভেচ্ছা জ্ঞাপন করেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি

ভারতীয় নৌসেনাকে দেশের সমুদ্র পথের নিরাপত্তা সুনিশ্চিত করার ক্ষেত্রে অতি গুরুত্বপূর্ণ স্তম্ভ বলে অভিহিত করেছেন ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যসভায় আজ বিরোধী দলের সাংসদরা নূন্যতম সমর্থন মূল্যের জন্য আইন প্রবর্তন করার দাবীতে সভাকক্ষ ত্যাগ করেন ।আজ সকালে সভার কাজকর্ম শুরু হওয়ার পর বিরোধি পক্ষের সদস্যরা  নূন্যতম সমর্থন মূল্য  সহ বেশ কয়েকটি বিষয় নিয়ে সভা স্থগিত প্রস্তাব উত্থাপন করলে রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনকড় সভা স্থগিত প্রস্তাব নাকচ করেন । পরে কংগ্রেস ও আম আদমী পার্টীর সদস্যরা তাদের দাবীর সমর্থনে শ্লোগান দিতে শুরু করেন এবং সভাকক্ষ ত্যাগ করে প্রতিবাদ সাব্যস্ত করেন ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন যে জাতীয় সমবায় উন্নয়ন নিগম (এন সি ডি সি)  সমবায় সমিতি সমুহের উন্নয়নে বিশেষ করে সমবায় সমিতির সঙ্গে জড়িত মহিলাদের উন্নয়নে সাত হাজার ৭০৮ কোটি টাকারও বেশী অর্থ মঞ্জুর করেছে ।আজ রাজ্য সভায় এক লিখিত উত্তরে শ্রী শাহ বলেন যে দেশে ২৫ হাজার ৩৮৫ টি মহিলা কল্যান সমবায় সমিতি পঞ্জিভূক্ত রয়েছে ।এন সি ডি সি মহিলাদের দ্বারা পরিচালিত সমবায় সমিতিগুলোর আর্থ সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে বলে উল্লেখ করে তিনি বলেন যে সরকার সমবায় সমিতিতে মহিলাদের অংশগ্রহণে উৎসাহ প্রদান করতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছে । দেশে ১ লক্ষ ৪৪ হাজার দুগ্ধ সমবায় সমিতি রয়েছে এবং এই সমবায় সমিতিগুলোতে গ্রামাঞ্চলের বহু মহিলা জড়িত রয়েছেন বলে তিনি জানান ।

-----------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের যুগ্ম সচিব রঞ্জন কুমার দাসকে পর্ষদের দ্বিতীয় মন্ডলের নতুন পরীক্ষা নিয়ন্ত্রক হিসেবে নিযূক্তি দিয়েছে । পূর্বের পরীক্ষা নিয়ন্ত্রক পংকজ বরঠাকুর দীর্ঘদিন থেকে কর্তব্যে অনুপস্থিত থাকার জন্য তাকে এই পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে । শ্রী দাস ২০২৫ সালের উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত ও উচ্চতর মাধ্যমিক প্রথম বর্ষের পরীক্ষার জন্য নিয়ন্ত্রকের দায়িত্ব বহন করবে পর্ষদ এক বিজ্ঞপ্তীতে জানিয়েছে ।

-----------------------------------------------------------------------------------

আগামী ৮ ডিসেম্বর থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত সমগ্র দেশের সঙ্গে আসামেও জাতীয় টিকাকরণ কার্যসূচী রূপায়ন করা হবে ।দেশের ২৩৪ টি জেলা সহ আসামের ২৭ টি জেলায় তিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে পূর্বের পালস পোলিও অভিযানে বাদ পরা ৫

বছরের কম বয়সের শিশুদের পোলিও প্রতিষেধক প্রদান করা হবে ।৮ ডিসেম্বর প্রতিষেধক প্রদান কেন্দ্রে এই পোলিও প্রতিষেধক খাওয়ানো হবে ।৯ এবং ১০ ডিসেম্বর স্বাস্থ্যকর্মীরা ঘরে ঘরে গিয়ে এই অভিযান থেকে বাদ পরা শিশুদের প্রতিষেধক প্রদান করবেন ।

---------------------------------------------------------------------------------

আকাশবাণী শিলচর কেন্দ্রের অবসরপ্রাপ্ত বড়বাবু গায়েত্রী বাগচী আজ সকালে শেষ নি:শ্বাস ত্যাগ করেন । বয়স হয়েছিল ৭৫ । ২০০৮ সালে প্রয়াত বাগচী আকাশবাণী থেকে স্বেচ্ছা অবসর গ্রহন করেন । গায়েত্রী বাগচীর মৃত্যুতে আকাশবানী শিলচর কেন্দ্রের কর্মী ও আধিকারীকদের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের উপজাতি ও শ্রমিক কল্যান বিভাগের মন্ত্রী সঞ্জয় কিষান ডিমা হাসাও জেলার অভিভাবক মন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহনের পর গতকাল প্রথমবারের মতো দু দিনের সফর সূচী নিয়ে হাফলং এসেছেন । মন্ত্রী শ্রী কিষান মাহুর বিধানসভা কেন্দ্রের ননাডিসা এবং সারন গ্রামের আর্দশ অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলি পরিদর্শন করেছেন । এছাড়া তিনি ডিমা হাসাও জেলা প্রশাসনের শীর্ষ আধিকারীকদের সঙ্গে জেলার উন্নয়ন মূলক প্রকল্পের সফল বাস্তবায়ন নিয়ে আলোচনা করেন ।

---------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলা দূর্যোগ মোকাবিলা কর্তৃপক্ষের উদ্যোগে আয়োজিত দু দিনের ইনসিডেন্ট রেসপন্স সিস্টেম এবং মক ড্রিলের মহড়া আজ হাফলং-এ শেষ হয়েছে । গতকাল প্রথম দিন জেলা আয়ুক্তের কার্য্যলয়ে পুঁথিগত কর্মশালা , কৌশল পরিকল্পনা নিয়ে প্রশিক্ষন প্রদান করা হয়েছে এবং আজ দ্বিতীয় দিন হাফলং-এর লাল ফিল্ডে মহড়া অনুষ্টিত হয়েছে । প্রশিক্ষন কর্মশালা এবং মক ড্রিলে বিভিন্ন বিভাগের কর্মী এবং আধিকারীকরা অংশগ্রহন করেছেন ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আগামী ৭ই ডিসেম্বর আর্মড ফোর্সেস ফ্লেগ ডে উদযাপন করা হবে । শ্রীভূমি সৈনিক কল্যান আধিকারীক জানিয়েছেন যে আগামী ৭ই ডিসেম্বর সকাল ১১টা থেকে ১২টা পর্য্যন্ত শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে আর্মড ফোর্সেস ফ্ল্যাগ ডে পালিত হবে । জেলা সৈনিক কল্যান আধিকারীক আর্মড ফোর্সেস ফ্ল্যাগ ডে-র কার্য্যসূচীতে অংশগ্রহনের জন্য সব বিভাগীয় প্রধান ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের অনুরোধ জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং ভারত বিকাশ পরিষদের শিলচর শাখার সহযোগীতায় আগামী ৯ই ডিসেম্বর শিলকুড়ি চা বাগান হাসপাতালে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---------------------------------------------------------------------------------

সর্ব ভারতীয় শ্রমিক সংগঠন এ আই ইউ টি ইউ সি-র আসাম রাজ্য কমিটির রাজ্য ভিত্তিক শ্রমিক অভিবর্তন আজ শিলচর গান্ধীভবন প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হয়েছে । কমিটির সহ-সভাপতি স্বপন ঘোষ সকালে পতাকা উত্তোলন করে অভিবর্তনের সূচনা করেন । অভিবর্তন উপলক্ষ্যে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আসা প্রতিনিধিদের নিয়ে বিভিন্ন দাবীর সর্মথনে একটি র‍্যালী বের হয়ে শহর পরিক্রমা করে । পরে সংগঠনের সহ-সভাপতি শ্রী ঘোষ ,শ্রমিক নেতা কান্তিময় দেব প্রমূখ শ্রমিকদের বিভিন্ন সমস্যা ও অভিযোগ নিয়ে বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------